# বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
# BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

স্মারক নম্বর- বেরোবি/ রেজিঃ/পুনঃ নিয়োগ-বিজ্ঞপ্তি/ ২০১৮/৯২০১ তারিখ ২৯ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ / ১৪ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক) পদের বিবরণঃ | পদ সংখ্যা |
|---|---|
| ০১। ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ | |
| অধ্যাপক | ০১ (এক) |
| ০২। সমাজবিজ্ঞান বিভাগ | |
| i) সহযোগী অধ্যাপক | ০১(এক) |
| ০৪। উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগ | |
| i) সহকারী অধ্যাপক | ০১ (এক) |

খ) বেতন (জাতীয় বেতন স্কেল ২০১৫):

| | |
|---|---|
| সহকারী অধ্যাপক | : ৩৫৫০০-৬৭০১০/- |
| সহযোগী অধ্যাপক | : ৫০০০০-৭১২০০/- |
| অধ্যাপক | : ৫৬৫০০-৭৪৪০০/- |

গ) আবেদন ফরম সংগ্রহ ও জমা:

১. বিশ্ববিদ্যালয় ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত বিজ্ঞাপিত পদের প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার তথ্য এবং আবেদন ফরম সংগ্রহ ও জমা দেওয়া যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.brur.ac.bd) থেকেও বিজ্ঞাপিত পদের আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
২. বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফরমে সহকারী অধ্যাপক পদের জন্য ০৭ (সাত) সেট এবং সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদের জন্য ১০ (দশ) সেট আবেদন ফরম জমা দিতে হবে।
৩. আবেদন ফরমের সাথে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে ৫০০/- (পাঁচ শত ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) এবং প্রতি সেট আবেদন ফরমের সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি এবং চারিত্রিক সনদপত্র সংযুক্ত করে ডাকযোগে অথবা হাতে হাতে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর বরাবর জমা দিতে হবে।
৪. আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে। অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমাণ থাকাকালীন সময়ে আবেদন গ্রহণযোগ্য হবে না।
৫. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৬. বিধি মোতাবেক সকল কোটা অনুসরণ করা হবে।
৭. বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে।
৮. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৯. আবেদন ফরম জমা দেওয়ার শেষ তারিখ ঃ ০৪ নভেম্বর ২০১৮খ্রিঃ। উল্লেখিত তারিখের পর কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না।
১০. কোন ধরনের লিখিত বা মৌখিক তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। নিয়োগ পাওয়ার পর কোন অনৈতিক পন্থা অবলম্বনের অভিযোগ প্রমাণিত হলে চাকরির যেকোন পর্যায়ে আইনানুগ ব্যবস্থা(চাকরিচ্যুতিসহ) গ্রহণ করা হবে।

**রেজিস্ট্রার**
**বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়,**
**রংপুর**

# বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

# BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

## বিজ্ঞাপিত পদে আবেদনের শর্তাবলী

| | |
|---|---|
| সহকারী অধ্যাপক | ১.সংশ্লিষ্ট বিষয়ে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক(সম্মান) ডিগ্রি এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. স্নাতক অথবা স্নাতকোত্তর পর্যায়ে সামাজিক বিজ্ঞান অনুষদভূক্ত বিভাগসমূহে যে কোন একটিতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অপরটিতে ন্যূনতম ৩.২৫ থাকতে হবে অথবা একটিতে প্রথম শ্রেণী ও অপরটিতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী থাকতে হবে।<br>৩. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৪.৫০ এবং চতুর্থ বিষয় বাদে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে অথবা উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।<br>৪. স্নাতকোত্তর / সমমানের ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩(তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫. এমফিল/সমমানের ডিগ্রিপ্রাপ্ত (থিসিসসহ) প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২(দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৬. পিএইচডি ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৭. স্বীকৃত কোন জার্নালে ( পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ১ (এক) টি প্রকাশনা থাকতে হবে। |
| সহযোগী অধ্যাপক | ১.সংশ্লিষ্ট বিষয়ে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক(সম্মান) ডিগ্রি এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. স্নাতক অথবা স্নাতকোত্তর পর্যায়ে সামাজিক বিজ্ঞান অনুষদভূক্ত বিভাগসমূহে যে কোন একটিতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অপরটিতে ন্যূনতম ৩.২৫ থাকতে হবে অথবা একটিতে প্রথম শ্রেণী ও অপরটিতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী থাকতে হবে।<br>৩. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৪.৫০ এবং চতুর্থ বিষয় বাদে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে অথবা উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।<br>৪. স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭(সাত) বছরসহ মোট ন্যূনতম ১৪(চৌদ্দ) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫. এমফিল (থিসিসসহ) ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬(ছয়) বছরসহ মোট ন্যূনতম ০৯(নয়) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৬. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৪(চার) বছরসহ মোট ন্যূনতম ০৭(সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৭. প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে ( পিয়ার রিভিউড জার্নাল) সর্বমোট ন্যূনতম ৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৪ (চার) টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। মোট প্রকাশনায় ন্যূনতম ১ (এক) টি প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর থাকতে হবে। |
| অধ্যাপক | ১. সংশ্লিষ্ট বিষয়ে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক(সম্মান) ডিগ্রি এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ব্যবসায় প্রশাসন অনুষদভূক্ত বিভাগসমূহে উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে অথবা প্রথম শ্রেণী থাকতে হবে।<br>৩. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৪.৫০ এবং চতুর্থ বিষয় বাদে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে অথবা উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।<br>৪. স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১০(দশ) বছরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫. এমফিল ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭(সাত) বছরসহ ন্যূনতম ১৭(সতের) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৬. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৫(পাঁচ) বছরসহ ন্যূনতম ১২(বার) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৭. প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে ( পিয়ার রিভিউড জার্নাল) সর্বমোট ন্যূনতম ১২ (বার) টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে, সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে। |

| | |
|---|---|
| ১ | অপ্রকাশিত প্রকাশনা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। স্বীকৃত জার্নাল বলতে Peer Reviewed জার্নাল বুঝাবে। মানসম্মত Website/Electronic জার্নালে প্রকাশিত প্রকাশনা ছাড়া অন্য Website এর প্রকাশনা গ্রহণযোগ্য হবে না। |
| ২ | প্রার্থীকে আবেদন ফরমের সঙ্গে (ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি প্রতি সেট আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।<br>(ঘ) মোট ০৭ (সাত) সেট আবেদন ফরম জমা দিতে হবে। |
| ৩ | চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। |
| ৪ | প্রার্থীকে পদ ও বিভাগের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে। |
| ৫ | প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ০৭/-(সাত) টাকার ডাক টিকিট সংযুক্ত ২৪X১১সে:মি:/১০X ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদন ফরমের সাথে দিতে হবে। |
| ৬ | প্রাপ্ত আবেদন ফরম সমূহ বাছাইয়ের পর প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদেরকে সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। এ জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। |
| ৭ | ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন ফরম (গ্রহণের শেষ তারিখের পর) গ্রহণ করা হবে না। |
| ৮ | বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনফরম ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল, সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে। |

**রেজিস্ট্রার**
**বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর**